

# Prime Minister Shri Narendra Modi Speaks to His Excellency Mr. Boris Johnson, Prime Minister of the United Kingdom

November 27, 2020

## বৃটেনের প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে প্রধানমন্ত্রীর কথা

নভেম্বর 27, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে বৃটেনের প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

কোভিড-১৯ এর ফলে উদ্ভূত সঙ্কট নিয়ে দুই নেতা মতবিনিময় করেছেন। টিকা উদ্ভাবন ও উৎপাদন নিয়ে ভারত ও বৃটেনের মধ্যে সম্ভাব্য সহযোগিতার বিষয় নিয়ে তারা আলোচনা করেছেন।

কোভিড পরবর্তী, বেক্সিট উত্তর সময়ে ভারত-বৃটেনের অংশীদারিত্বকে আরো দ্রুত এগিয়ে নিয়ে যাবার বিষয়ে উভয় নেতা অঙ্গীকার করেছেন। ব্যবসা বাণিজ্য, বিনিয়োগ, বৈজ্ঞানিক গবেষণা, ছাত্রছাত্রী ও পেশাদারদের যাওয়া আসা, প্রতিরক্ষা ও নিরাপত্তার ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর যে বিপুল সম্ভাবনা রয়েছে, দুই নেতাই সেই বিষয়ে সহমত পোষণ করেছেন।

জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইতে ভারত ও বৃটেন যাতে একসঙ্গে কাজ করে আলোচনায় সেই প্রসঙ্গে জোর দেওয়া হয়েছে। আন্তর্জাতিক সৌর জোট ও বিপর্যয় মোকাবিলা পরিকাঠামোর জোটের মত বিভিন্ন প্ল্যাটফর্মে দুটি দেশ সহযোগিতা বজায় রাখবে।

ভারত-বৃটেনের অংশীদারিত্বে দীর্ঘমেয়াদী উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনা দ্রুত বাস্তবায়িত করতে দুই দেশের আধিকারিকদের একসঙ্গে কাজ করার বিষয়েও তাঁরা একমত হয়েছেন।

নিউ দিল্লী

নভেম্বর 27, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.